দৈনিক ইত্তেফাক 370
তারিখ FEB. 27 1999
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফারসি ভবন নির্মাণ প্রসঙ্গে

ঢাকায় অনুষ্ঠিতব্য ডি-এইট সম্মেলনে ইরানের প্রেসিডেন্ট বাংলাদেশে আসিতেছেন। তিন বৎসর পূর্বে ইরানের সাবেক প্রেসিডেন্ট বাংলাদেশে আসিয়াছিলেন। তখন বাংলাদেশের সহিত ৭টি বিষয়ে সমঝোতা স্মারক সাক্ষরিত হইয়াছিল। ইরান ও বাংলাদেশের মধ্যে ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে অনেকাংশে মিল খুঁজিয়া পাওয়া যায়। আজ হইতে ১৬০ বছর আগে বাংলাদেশে ফারসি ভাষা নিষিদ্ধ হইলেও বর্তমানে বাংলা ভাষায় বহুল প্রচলিত প্রায় ৮ হাজার ফারসি শব্দ রহিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০ হাজারের মত ফারসি পাণ্ডুলিপি সংরক্ষিত আছে। বাংলাদেশ ও ইরান–এই দুই দেশের মধ্যে সেতুবন্ধন হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ফারসি ভাষা ও গবেষণা কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত হওয়ায় '৯৫ সালের ১১ই নভেম্বর ইরানের প্রেসিডেন্ট আনুষ্ঠানিকভাবে ফারসি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ৬০০ বর্গমিটার ভবনের সম্পূর্ণ ব্যয়ভার ইরানী সরকার বহন করিবেন বলিয়া শুনিয়াছিলাম। এমতাবস্থায়, ইরানী প্রেসিডেন্ট আসার আগেই উক্ত কাজ শুরু করা যায় কিনা, তাহা বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ আবদুল্লাহ ইবনে মাসউদ,
বি,এ, (অনার্স) ফারসি ফলপ্রার্থী '৯৭,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

SHEET — OF — SHEETS